

গজারিয়ার টেঙ্গারচর ইউনিয়নের মধ্যে একমাত্র বিদ্যাপীঠ রাজিয়া কাদের আদর্শ উচ্চ বিদ্যালয়ের একাডেমিক ভবন নির্মাণ কাজ দীর্ঘদিনেও শেষ না হওয়ায় ভোগান্তির শিকার শিক্ষক-শিক্ষার্থীরা। ব্যাহত হচ্ছে শিক্ষার্থীদের পাঠদান। শিক্ষক ও শিক্ষার্থীরা বলছেন, ঠিকাদারি প্রতিষ্ঠান নির্দিষ্ট সময়ে কাজ শেষ না করায় এমন ভোগান্তির সৃষ্টি হয়েছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক নূরউদ্দীন মিয়া জানান, বিদ্যালয়ের পুরাতন ভবনের ওপর তলায় চারতলা বিশিষ্ট নতুন অবকাঠামো নির্মাণের কাজ শুরু করলেও অদ্যাবধি শেষ না হওয়ায় পরিত্যক্ত ও ভাঙ্গা টিনের ঘরে পাঠদান করানো হচ্ছে। প্রায় ৬ মাস ধরে ঠিকাদার কাজ ফেলে চলে গেছে। ফোনে যোগাযোগ করে তাকে পাওয়া যাচ্ছে না। কাজও করছেন না।

advertisement 3

ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স স্ট্রাট ট্রেডার্স কর্তৃপক্ষের সঙ্গে মোবাইল ফোনসহ বিভিন্ন মাধ্যমে বারবার যোগাযোগের চেষ্টা করেও তাদের কোনো বক্তব্য নেওয়া সম্ভব হয়নি। বিদ্যালয় সূত্র জানায়, বিদ্যালয়ের পুরাতন ভবনের ওপর তলায় চারতলা বিশিষ্ট নতুন অবকাঠামো নির্মাণের কাজের জন্য জেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ২০১৯ সালে দরপত্র আহ্বান করে। এতে মেসার্স স্ট্রাট ট্রেডার্স নামের একটি ঠিকাদারি প্রতিষ্ঠান কাজ পায়।